

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৮৯

আশ্বিন ১৪, ১৪২৭
তারিখঃ _____
সেপ্টেম্বর ২৯, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

২০২০ সালের দ্বিতীয় উৎসবে কোরবানিকৃত
পশ্চর কাঁচা চামড়া জরুরের জন্য চামড়া ব্যবসায়ীদের খণ্ড/বিনিয়োগ পুনঃতফসিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখঃ জুলাই ০৫, ২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৬, তারিখঃ জুলাই ০৯, ২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৭, তারিখঃ জুলাই ২০, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০১। উক্ত সার্কুলারের আওতায় সুবিধা গ্রহণের জন্য অর্থায়নকারী ব্যাংকের নিকট খণ্ড/বিনিয়োগ গ্রহীতাগণ কর্তৃক খণ্ড/বিনিয়োগ পুনঃতফসিলের আবেদন দাখিলের সময়সীমা ডিসেম্বর ৩০, ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

০২। উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২